বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্
Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং- আরটিএম-৭১২/২০২৪/২৩২৯৬

তারিখঃ ০১/০৭/২০২৪ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

বিসিপিএস এর ফেলোশীপ প্রোগ্রামের আওতায় জানুয়ারি ২০২০ সেশন হইতে জানুয়ারি ২০২৪ সেশনে এফসিপিএস ১ম পর্ব পাসকৃত এবং বিসিপিএস কর্তৃক স্বীকৃত সরকারি, সংবিধিবদ্ধ, ট্রাস্টি বোর্ড দ্বারা পরিচালিত অলাভজনক এবং বিশেষায়িত হাসপাতাল, মেডিকেল প্রতিষ্ঠানসমূহে ০১ জুলাই ২০২৪ খ্রিঃ তারিখে ফেলোশীপ প্রশিক্ষণে প্রবেশ করেছেন বা যাঁদের প্রশিক্ষণে প্রবেশের বিষয়টি প্রক্রিয়াধীন আছে, তাঁদেরকে শর্ত সাপেক্ষে পারিতোষিক প্রদান করা হবে। এমতাবস্থায়, কলেজের ওয়েবসাইটের এ লিঙ্কে (**https://application1.bcps.edu.bd/**) প্রবেশ করে অনলাইন আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে **আগামী ১৪ আগস্ট ২০২৪ খ্রিঃ** তারিখের মধ্যে প্রিন্ট কপি ও প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজের আরটিএম বিভাগ (ব্লক-বি, ২য় তলা) এ জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, জুলাই ২০২৪ সেশনে যাঁহারা এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ন হয়েছেন তাহাদের পরবর্তীতে বিসিপিএস হইতে যোগাযোগ করা হবে। যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ স্থলের বাইরে অন্য কোথাও কোন প্রকার চাকরি/ডিউটি/প্র্যাকটিস করেন অথবা অন্য কোন উৎস হতে বেতন/ ভাতাদি গ্রহণ করেন তাঁদের বেলায় উক্ত পারিতোষিকের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়।

এতদ্সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্য কলেজের ওয়েবসাইট **www.bcps.edu.bd** ভিজিট করুন।

**(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)**
সচিব, বিসিপিএস।

সংযুক্তঃ এফসিপিএস ১ম পর্ব পাস করা অবৈতনিক প্রশিক্ষণার্থীদের জন্য পারিতোষিক ভাতা প্রদান সংক্রান্ত আবেদন ফরম পূরণের নির্দেশিকা।

67, Shaheed Tajuddin Ahmed Sarani, Mohakhali, Dhaka-1212, Bangladesh.
**Tel:** 02- 222295006, 02- 222284189, 02- 222291865 (PABX) EXT- 0/ 222/ 100, **Fax :** 02- 222288928 **Web :** www.bcps.edu.bd, **Email :** bcps@bcps.edu.bd

## বিসিপিএস এর ফেলোশীপ প্রোগ্রামের আওতায় অবৈতনিক প্রশিক্ষণার্থীদের ভাতাদি বাবদ সহায়তা (পারিতোষিক) প্রদান সংক্রান্ত আবেদন ফরম পূরণের নির্দেশিকাঃ

১. Name, Father's/Spouse Name, Mother's Name (in Block Letter) রেজিস্ট্রেশন করার সময় নামের পূর্বে Dr. লেখার প্রয়োজন নেই।

২. একটি ইমেইল আইডি ও মোবাইল নাম্বার একাধিক আবেদনকারীর রেজিস্ট্রেশনের জন্য ব্যবহার করা যাবে না। নিরাপত্তা ও গোপনীয়তার স্বার্থে রেজিস্ট্রেশনের সময় শুধুমাত্র ব্যক্তিগত ইমেইল আইডি ও মোবাইল নাম্বার ব্যবহার করুন।

৩. বিএমডিসি নম্বর লেখার ক্ষেত্রে প্রথমে A লেখার প্রয়োজন নেই। একটি বিএমডিসি নম্বর দিয়ে শুধুমাত্র ১ বারই আবেদন করা যাবে। ইতঃপূর্বে যাঁরা পারিতোষিকের জন্য আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৪. যারা চলতি সেশনে এফসিপিএস পার্ট-১ পাশ করেছেন এখনও রেজিস্ট্রেশন করার সুযোগ হয়নি তারা কেবল অনলাইন রেজিস্ট্রেশন ব্যবহার করতে পারবেন (পার্ট-১ পাশের Admit Card এর রেজিস্ট্রেশন নম্বর) যা A দিয়ে শুরু। অন্যরা এফসিপিএস পার্ট-১ পাশের পর রেজিস্ট্রেশন নম্বর (যা আইটি বিভাগ সরবরাহ করেছে) ব্যবহার করবেন।

৫. বর্তমানে কোথাও রেসিডেন্সি কোর্স/ ডিপ্লোমা কোর্স/ পেইড ট্রেনিং/ চাকুরিতে থাকলে Yes এ ক্লিক করতে হবে এবং শুরুর তারিখ ও শেষ হওয়ার সম্ভাব্য তারিখ পূরন করতে হবে। বর্তমানে কোথাও রেসিডেন্সি কোর্স/ ডিপ্লোমা কোর্স/ পেইড ট্রেনিং/ চাকুরিতে না থাকলে No এ ক্লিক করতে হবে।

৬. বর্তমানে কোথাও ট্রেনিং এ থাকলে Yes এ ক্লিক করতে হবে এবং কোন সুপারভাইজারের অধীনে প্রশিক্ষণ নিচ্ছেন তা উল্লেখপূর্বক চলতি ৬ মাসের প্রশিক্ষণ শুরুর তারিখ ও শেষ তারিখ পূরন করতে হবে।

৭. পূর্বের কোন ট্রেনিং/ ডিপ্লোমা/ এফসিপিএস কোর্স থাকলে (প্রযোজ্য হলে) প্রতিষ্ঠানের নাম সহ কোন সুপারভাইজারের অধীনে ট্রেনিং করেছিলেন তা উল্লেখপূর্বক শুরুর তারিখ ও শেষ তারিখ পূরন করতে হবে।

৮. অবশিষ্ট প্রশিক্ষণের ক্ষেত্রে পছন্দক্রম অনুযায়ী প্রতিষ্ঠানের নাম সহ কোন বিভাগে কতদিন ট্রেনিং করতে ইচ্ছুক তা উল্লেখপূর্বক প্রশিক্ষণ গ্রহণের শুরুর তারিখ ও শেষ তারিখ পূরন করতে হবে। ভবিষ্যতে পছন্দক্রম পরিবর্তন করলে অবশ্যই আরটিএম বিভাগে অনারারি পরিচালক (আরটিএম) বরাবর আবেদনের মাধ্যমে অবহিত করতে হবে।

৯. আবেদনকারীর অবশ্যই ব্যাংকে ব্যক্তিগত সক্রিয় হিসাব থাকতে হবে। ব্যাংকের ব্যক্তিগত হিসাবের বিপরীতে রাউটিং নম্বর যুক্ত চেক বহি বা ব্যাংক স্টেটমেন্ট এর (ফটোকপি) জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১০. সাবমিশন বাটনে ক্লিক করার পর পিডিএফ কপি না আসলে বুঝতে হবে ঠিকমত সাবমিট হয়নি সেক্ষেত্রে পূনরায় আবেদন করতে হবে। আবেদন সাবমিট করার পরে উক্ত আবেদন প্রিন্ট করে অফিস চলাকালীন সময়ে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজের আরটিএম বিভাগে জমা দিতে হবে। পিডিএফ কপি না আসলে/ অসম্পূর্ন আসলে পিডিএফ কপির জন্য আরটিএম বিভাগে যোগাযোগ করতে হবে।

১১. সকল প্রশিক্ষণার্থীকে অবশ্যই আবেদন ফরম দাখিলের সময় উক্ত সময়ে প্রশিক্ষণরত আছেন এই মর্মে যোগদানপত্র সহ অফিস আদেশ/ প্রজ্ঞাপন জমা দিতে হবে।

১২. আবেদন ফরম জমাদানের পর প্রশিক্ষণার্থীরা যদি আবেদন ফরমে উল্লেখিত বা আরোপিত কোন তথ্য যেমন, ব্যাংক তথ্য বিবরণী, প্রতিষ্ঠান পরিবর্তন, প্রশিক্ষণ বিরতি, পূনরায় প্রশিক্ষণে যোগদান ইত্যাদি পরিবর্তন করতে চান তবে তাঁদেরকে অবশ্যই অনারারি পরিচালক (আরটিএম), বিসিপিএস বরাবর আবেদনের মাধ্যমে অবহিত করতে হবে।

১৩. নির্ধারিত সময়ের মধ্যে বিল ফরম অবশ্যই আরটিএম বিভাগে জমা দিতে হবে। বিল ফরম জমাদানের পূর্বশর্ত হিসেবে প্রশিক্ষণার্থীকে অবশ্যই নির্দিষ্ট সময়ে পারিতোষিকের জন্য আবেদন করতে হবে। এখানে উল্লেখ্য যে, যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ স্থলের বাইরে অন্য কোথাও কোন প্রকার চাকরি/ডিউটি/প্র্যাকটিস করেন অথবা অন্য কোন উৎস হতে বেতন/ ভাতাদি গ্রহণ করেন তাঁদের বেলায় উক্ত পারিতোষিকের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়।

১৪. আবেদনপত্র সংক্রান্ত যে কোন সমস্যার ক্ষেত্রে কলেজের আরটিএম বিভাগে/ ইমেইল নম্বর rtmd@bcps.edu.bd এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**সংযুক্ত কাগজাদিঃ (আরটিএম বিভাগে প্রিন্ট কপি জমা দেয়ার সময় নিম্মোক্ত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে)।**

1. Attested Two copies of recent passport size coloured photograph
2. Attested copy of Certificate of MBBS/BDS
3. Attested copy of Permanent registration certificate of BMDC
4. Attested copies of Training certificates (if applicable)
5. Attested copy of National ID card
6. Congratulation letter of FCPS Part-I/ Document of FCPS Part-1 result
7. Photocopy of joining letter and Office order
8. Photocopy of a page of the Bank Cheque book/ Bank Statement copy mentioning A/C no. & routing no.
9. Other documents (if any)

**বিঃদ্রঃ**

এফসিপিএস ১ম পর্ব পাস করা অবৈতনিক প্রশিক্ষণার্থীগণ একবার ভাতা প্রাপ্ত হওয়ার পর বিরতি দিয়ে পুনরায় প্রশিক্ষণ শুরু করলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেনঃ

**(i) প্রশিক্ষণ থেকে বিরতি নেয়ার পূর্বে প্রশিক্ষণার্থীকে অবশ্যই কলেজের আরটিএম বিভাগ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের নিকট থেকে অনুমতি নিতে হবে।**

**(ii) বিরতি নেয়ার পর পুনরায় প্রশিক্ষণে যোগদান করলে প্রশিক্ষণার্থীকে কলেজের আরটিএম বিভাগে লিখিত আবেদন সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যোগদানপত্র এবং সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্রাদি কলেজের আরটিএম বিভাগে জমা দিতে হবে।**

**(iii) ০৫ বছর মেয়াদী ফেলোশীপ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ গ্রহণকালে যুক্তিসঙ্গত কারণে একজন প্রশিক্ষণার্থী সর্বোচ্চ ০৩ বার প্রশিক্ষণে বিরতি নিতে পারবেন।**